জীবননগরে নবাগত উপজেলা নির্বাহী অফিসারের সাথে সাংবাদিকদের মত বিনিময় সভা

জীবননগরে নবাগত উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সাথে জীবননগরের কর্মরত সকল সাংবাদিকদের এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার বেলা ১২:৩০ মিনিটে সময় উপজেলা নির্বাহী অফিসারের আমন্ত্রণ নির্বাহী অফিসারের সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সবাই নবাগত উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ সাংবাদিকদের কাছে এই উপজেলার উন্নয়নে সার্বিক সহযোগিতা কামনা করেন। সাংবাদিক গণ উপজেলা নির্বাহী অফিসার কে এই উপজেলার উন্নয়ন কাজে সহযোগিতার করার আশ্বাস দেন।

এ সময় জীবননগর প্রেসক্লাবের সভাপতি এম, আর বাবু সাধারণ সম্পাদক কাজী শামসুজ্জামান চঞ্চল, সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু বক্তব্য রাখেন, আরো বক্তব্য রাখেন সাংবাদিক সালাউদ্দিন কাজল, জহিরুল ইসলাম, হাকিমুল ইসলাম, চাষি রমজান, মুতাছিন বিল্লাহ এবং দৈনিক মেহেরপুর প্রতিদিনের জীবননগর বুরো প্রধান মাজেদুল মিল্টন প্রমুখ।

দামুড়হুদায় ২দিনব্যাপী উপজেলা সাহিত্য মেলা-২০২৩ উদ্ধোধন

দামুড়হুদা উপজেলায় ২দিনব্যাপী উপজেলা সাহিত্য মেলা-২০২৩ উদ্বোধন করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কবি সাহিত্যিক শিল্পীরাও অগ্রণী ভূমিকা রাখবেন বলে আশা ব্যক্ত করেছেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী কর্মকর্তা

সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা জানান, ২৭ ও ২৮ জুলাই উপজেলার অডিটোরিয়ামে দুই দিনব্যাপী সাহিত্য মেলার আয়োজন করা হয়েছে। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয় উপজেলায় যারা শিল্প-সাহিত্যের সাথে জড়িত, সাহিত্যিক ও নবীণ লেখক রয়েছেন তারা প্রথম দিন নাম রেজিস্ট্রেশন করে মেলায় অংশ নিতে পারবেন। বিকাল ৩টায় কবি সাহিত্যিকদের স্বরচিত ছড়া,কবিতা,প্রবন্ধ পাঠ ও অভিজ্ঞতা শেয়ার করেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সহায়তায় হারানো মোবাইল ফোন ও নগদ টাকা উদ্ধার

চুয়াডাঙ্গা জেলা পুলিশ কর্তৃক হারানো মোবাইল ফোন ও বিকাশের টাকা উদ্ধারপূর্বক প্রকৃত মালিককে হস্তান্তর করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের প্রত্যক্ষ দিকনির্দেশনায় সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গা ধারাবাহিকভাবে সাফল্য ও উদ্ধার কার্যক্রম অব্যাহত রেখেছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলে কর্মরত চৌকস অফিসারগণ তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চল হতে মোবাইল ফোন এবং বিকাশে ডিজিট ভুল হয়ে খোয়া যাওয়া টাকা উদ্ধার করে। এরই ধারাবাহিকতায় বিকাশ/নগদ/রকেট প্রতারণার টাকা ও হারানো মোবাইল উদ্ধার পূর্বক বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় পুলিশ সুপারের কার্যালয় সম্মেলন কক্ষে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল কর্তৃক উদ্ধারকৃত বিভিন্ন মডেলের ১৩(তের)টি স্মার্ট ফোন এবং বিকাশে খোয়া যাওয়া ৯১,০০০/- (একানব্বই হাজার) টাকা উদ্ধারপূর্বক চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন।

এসময় হারানো সখের মোবাইল ফোন ও বিকাশ/নগদ/রকেট প্রতারণা টাকা হাতে পেয়ে আনন্দে আপ্লুত হয়ে পড়েন। চুয়াডাঙ্গা কোর্টের সামনে

বিকাশ/নগদ/রকেট এজেন্ট ব্যবসায়ী মোঃ আরিফ হোসেন বলেন একটি বিকাশ নম্বরে টাকা লোড দেওয়ার সময় একটি ডিজিট ভুলক্রমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অন্যত্র চলে যায়। উক্ত নাম্বারের মালিকের সাথে যোগাযোগ করলে সে, টাকা ফেরত দিতে অস্বীকৃতি জানায়। ঘটনার বিষয়ে জিডি করে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গা টিমের সাথে যোগাযোগ করলে আমার কষ্টোর্জিত টাকা ফেরত আনতে সক্ষম হয়। আমার কষ্টোর্জিত টাকা সাইবার টিমের আন্তরিকতায় এত দ্রুত ফিরে পাবো ভাবতে পারিনি’। চুয়াডাঙ্গা পুলিশ সুপার ও সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন, চুয়াডাঙ্গায় কর্মরত সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন মোঃ অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সভাপতি চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও সম্পাদক দৈনিক মাথাভাঙ্গা সরদার আল আমিন, অফিসার ইনচার্জ জেলা গোয়েন্দা শাখার মোহাম্মদ আবদুল আলীম, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল ইনচার্জ শেখ মাহাবুব সহ চুয়াডাঙ্গাসহ সাইবার ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গায় কর্মরত অফিসারগণ।

দর্শনা সীমান্তে ২ কোটি টাকা মূল্যের ৪টি স্বর্ণের বারসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন সুলতানপুর সীমান্ত থেকে প্রায় ২ কেজি ৩৫০ গ্রাম ওজনের ছোট-বড় ৪টি স্বর্ণের বারসহ কুষুম পোদ্দার (৪৭) নামের এক চোরাকারবারিকে আটক করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি।

আজ বৃহস্পতিবার (২৭ জুলাই) সকাল ৭টার দিকে দর্শনা হঠাৎপাড়া রেলক্রসিং এলাকায় থেকে তাকে আটক করা হয়।
আটককৃত চোরাকারবারি কুষুম পোদ্দার গাজীপুর জেলার টুঙ্গি থানার মনুনগর টুঙ্গিভরান গ্রামের হারি সাধন পোদ্দারের ছেলে।

বিষয়টি নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক লেফটেন্যান্ট কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক লেফটেন্যান্ট কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান বলেন, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারি দর্শনা থানার সুলতানপুর সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে ভারতে স্বর্ণেরবার চোরাচালান হবে। খবর পেয়ে বিশেষ টহল দল সীমান্ত পিলার ৭৭/২-এস থেকে আনুমানিক ৪ কিলোমিটার বাংলাদেশের ভিতরে হঠাৎপাড়া রেলক্রসিং এলাকায় অবস্থান করেন। সকাল ৭টার দিকে এক ব্যক্তিকে সিভিল বাস থেকে নেমে রেলক্রসিং এলাকায় ঘোরাফেরা করতে দেখলে বিজিবি সশস্ত্র টহল দলের সন্দেহ হয়। বিজিবি সশস্ত্র টহল দল সন্দেহভাজন ব্যক্তিকে আটক করেন। আটক ব্যক্তিকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ করার সময় তার কাছে কোনো চোরাচালানী পণ্য নেই বলে বিজিবি টহল দলকে অবহিত করেন। পরবর্তীতে বিজিবি টহলদল আটক চোরাকারবারী কুষুম পোদ্দারের দেহ তল্লাশি করে কোমরে পেঁচানো কাপড়ের বেল্টের ভিতর থেকে ২ কেজি ৩৫০ গ্রাম ওজনের ছোট বড় ৪টি স্বর্ণের বার এবং ১টি মোবাইল ফোন উদ্ধার করতে সক্ষম হন। আটক এসব স্বর্ণের বারের আনুমানিক বাজার মূল্য ২ কোটি ২ লাখ টাকা।

তিনি আরও বলেন, স্বর্ণের বারের শুল্ক কর ফাঁকি দিয়ে ভারতে পাচারের উদ্দেশে পরিবহন করা ও নিজ জিম্মায় রাখার অপরাধে অভিযুক্ত ব্যক্তিকে আটক করা হয়।

আটক আসামির বিরুদ্ধে দর্শনা থানায় নায়েক রবিউল ইসলাম বাদী হয়ে মামলা দায়ের করেছেন এবং সোনার বারগুলো চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দামুড়হুদায় নশকতা মামলায় জামায়াতের সাধারণ সম্পাদক

গ্রেফতার

দামুড়হুদা মডেল থানার পুলিশ বিশেষ অভিযান চালিয়ে নশকতা মামলায় উপজেলা জামায়েতের সাধারণ সম্পাদক আব্দুল গফুরকে গ্রেফতার করেছে। আটকৃত আব্দুল গফুর (৫০) কার্পাসডাঙ্গা গ্রামের মৃত ফরজ মল্লিকের ছেলে।

গতকাল বুধবার পনে ১ টার দিকে তার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।

জানাযায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম এর নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে কার্পাসডাঙ্গা গ্রামের মৃত ফরজ মল্লিকের ছেলে দামুড়হুদা উপজেলা জামায়েত ইসলামির সাধারণ সম্পাদক আব্দুল গফুরকে আটক করেন।যার মামলা নং-১, তাং-১০/২/২০২৩।গতকালই তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়।

দামুড়হুদার খলিশাগাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমির সীমানা নির্ধারণ নিয়ে বিরোধ

দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের খলিশাগাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমির সীমানা নির্ধারণ নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছে পার্শ্ববর্তী মালিক আজাদের সাথে।

স্থানীয়রা জানান, আনুমানিক ১৯৮৬ সালে জগন্নাথপুর মৌজায় ৩৭২৬ দাগে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের আবেদ আলীর স্ত্রী আনোয়ারা খাতুনের কাছে ২২শতক জমি ক্রয় করে বিদ্যালয় কর্তৃপক্ষ। সে সময় বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দ্বায়িত্ব পালন করেন সাবেক শিক্ষক মোঃ শাহাবুদ্দিন। একই দাগে জমির অপর অংশীদার হালিমা খাতুনের জামাই আনন্দবাস গ্রামের আজাদ হোসেন বাড়ী নির্মান করে সেখানে বসবাস শুরু করেন। কিন্তু স্কুলের প্রাচীর থাকার কারণে তার

বাড়ী যাতায়াতের সমস্যা হওয়ায় আজাদ বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে রাস্তার দাবী করেন এবং তার জমি বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ করেন।

বিষয়টি দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)সজল কুমার দাসকে জানান বিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বুধবার বিকাল ৪টার দিকে ঘটনাস্থল পরিদর্শন করেন দামুড়ুহুদা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

এসময় তিনি উভয় পক্ষের মধ্যে বিরোধ মিমাংসা করার জন্য আগামী ৩১জুলাই সোমবার আমিন দিয়ে জমির সীমানা নির্ধারন করার পরামর্শ দেন। মিমাংসা না হওয়া পর্যন্ত উক্ত জমিতে কোনো প্রকার হস্তক্ষেপ করা যাবে না বলে নির্দেশ দেন বলে জানা গেছে।

চুয়াডাঙ্গা গড়াইটুপিতে ইয়াবাসহ রহিম বাদশা গ্রেফতার

চুয়াডাঙ্গা সদরের ইয়াবা ট্যাবলেট সহ গড়াইটুপির রহিম বাদশাকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে তিতুদহ গ্রামের ডিগ্রীর মাঠ হতে ৩৩ পিচ ইয়াবা ট্যাবলেট সহ গ্রেফতার করে পুলিশ। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নের গবরগাড়ার জহির উদ্দিনের ছেলে।

পুলিশ জানায়, গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে দর্শনা থানাধীন তিতুদহ পুলিশ ক্যাম্পের এসআই ফকির ফেরদৌস সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন তিতুদহ ইউনিয়নের তিতুদহ গ্রামের ডিগ্রীর মাঠের জনৈক সেলিম রেজার মৎস ঘের সংলগ্ন পানির পাম্পের দক্ষিন পাশে অভিযান পরিচালনা করে পুলিশ। এসময় তিতুদহ হতে গোবরগাড়াগামী মেঠো কাঁচা রাস্তার উপর হতে ৩৩ পিচ ইয়াবা ট্যাবলেট সহ রহিম বাদশা (১৯) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে পুলিশ। উদ্ধারকৃত মাদকের আনুমানিক
বাজার মূল্য ৯ হাজার ৯ শত টাকা মূলে জব্দ তালিকা মোতাবেক জব্দ করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী রহিম বাদশা চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নের গবরগাড়া গ্রামের বাসিন্দা ও জহির উদ্দিনের ছেলে।

গ্রেফতারকৃত আসামিদ্বয়ের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনার আকন্দবাড়ীয়ায় ট্রেনে কাটা পড়ে বৃদ্ধামহিলাসহ ১০টি ছাগলের মৃত্যু

চুয়াডাঙ্গার সদর উপজেলার দর্শনা থানার আকন্দবাড়ীয়ার কেরু এ্যান্ড কোম্পানী চিনিকলের জৈব সারখানার পিছনে ছোটপুল নামকস্থানে ছাগল চরাতে গিয়ে খুলনা থেকে ছেড়ে আসা রূপসা আন্তঃনগর ট্রেনে কাটা পড়ে নুরজাহান বেগমসহ (৬৫) ১০টি ছাগল মারা গেছে। মৃত নুরজাহান বেগম আকন্দবাড়ীয়া ফার্মপাড়ার কালামের স্ত্রী।

দর্শনা হল্ট রেলস্টেশনের জিআরপি ফাঁড়ী ইনচার্জ এসআই আতাউর রহমান প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জানান, গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে খুলনা থেকে ছেড়ে আসা রূপসা আন্তঃনগর ট্রেনটি ছোটপুল নামকস্হানে পৌঁছুলে ছাগলগুলো ট্রেনের নিচে পড়ে যায়। সে সময় নুরজাহান বেগম ছাগলগুলো বাঁচাতে গেলে ওই ট্রেনে কাটা পড়ে তিনি ঘটনাস্থলেই নিহত হন।

তিনি আরো বলেন, ছাগল চরাতে গিয়ে ওই বৃদ্ধা দূর্ঘটনার শিকার হন। ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা জিআরপি পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। আইনগত প্রক্রিয়া শেষ করে লাশ দাফনের জন্য স্বজনদের কাছে দিয়ে দেয়া হবে।

গতকাল বুধবার রাত ৮ টার দিকে তার মৃতদেহের ময়না তদন্ত শেষে রাত ৯টার দিকে গ্রামের কবরস্থানে জানাযা শেষে দাফনকার্য সম্পন্ন করা হয়েছে। এ মর্মান্তিক ঘটনায় গ্রামজুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

আলমডাঙ্গায় ইউনিয়ন বিএনপির সভাপতি-সেক্রেটারি সহ গ্রেফতার ১১

আলমডাঙ্গায় বিএনপির ১১ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। আজ বৃহস্পতিবার বিএনপির মহা-সমাবেশকে কেন্দ্র করে নেতাকর্মীদের গ্রেফতার করা হয়েছে বলে অভিযোগ দলটির। তবে পুলিশ বলছে, পূর্বের সুনির্দিষ্ট মামলায় তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্যসচিব শরিফুজ্জামান শরিফ অভিযোগ করে বলেন, আজ বৃহস্পতিবার কেন্দ্রীয় বিএনপির মহাবেশকে ঘিরে পুলিশ ধরপাকড় শুরু করেছে। এ জেলা থেকে নেতাকর্মীরা সমাবেশস্থলে যেতে না পারে, সেকারণেই মঙ্গলবার রাত থেকে বুধবার ভোর পর্যন্ত পুলিশ বিএনপি নেতাকর্মীদের বাড়ি বাড়ি অভিযান চালিয়েছে। এ সময় দুই ইউনিয়ন বিএনপির সভাপতি-সেক্রেটারি সহ ১১ জনকে গ্রেপ্তার করা হয়।

গ্রেফতার নেতাকর্মীদের মধ্যে বাড়াদী ইউনিয়ন বিএনপির সভাপতি আসাদুজ্জামান বকুল (৫৩), সহ-সভাপতি ফারুক হোসেন (৪০), ভাঙবাড়িয়া ইউনিয়ন বিএনপির সেক্রেটারি আতাউল হুদা (৪৫), বাড়াদী ইউনিয়ন বিএনপির সদস্য ওবাইদুল ইসলাম ঝন্টু (৪৩), লুৎফর রহমান টিটু (৫০), ইউনিয়ন বিএনপি নেতা ও চিকিৎসক এ কে এম নাজমুস সালেহীন লিপন (৪১), জেহালা ইউনিয়ন বিএনপি সদস্য সমসের আলী ছমে (৪৭), জামজামি ইউনিয়ন বিএনপি নেতা মজিবর রহমান (৫৫), খাসকররা ইউনিয়ন বিএনপির সদস্য ফতে আলী (৬০), ভাঙবাড়িয়া ইউনিয়ন বিএনপির সদস্য বাদশা আলম (৬০), আলমডাঙ্গা পৌর ছাত্রদলের সদস্য জনি (২৮)। আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন বলেন, মহাসমাবেশ বাঁধাগ্রস্ত করতে অপকৌশল নিয়েছে সরকার। তারা দলীয় নেতাকর্মীদের বাড়িতে পুলিশ দিয়ে অভিযান চালাচ্ছে। মিথ্যে মামলায় ১১ জন নেতাকর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ ।

আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (তদন্ত) একরামুল হোসেন বলেন, রাজনৈতিক উদ্দেশ্যে কাউকে গ্রেফতার করা হয়নি। যাদের বিরুদ্ধে

মামলা রয়েছে তাদের গ্রেপ্তার করা হয়েছে। সংশ্লিষ্ট মামলায় আটকৃতদের গতকাল বুধবার দুপুরে কোর্টের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গার দর্শনা ও দামুড়হুদায় পুলিশের অভিযান ৮ জামায়াত নেতাকর্মী আটক

চুয়াডাঙ্গার দর্শনা দামুড়হুদা থানা পুলিশ বিভিন স্থানে অভিযান চালিয়ে ৮ জন জামায়াতের নেতাকর্মিকে আটক করেছে। এ সময় তাদের কাছ থেকে ৭টি বোমা সাদৃশ্য উদ্ধার দাবী করে পুলিশ, গতকাল বুধবার সকাল থেকেই জামায়াতের নেতা কর্মীদের সন্ধানে তাদের বাড়ী ও ব্যবসা প্রতিষ্ঠানে পুলিশ তল্লাশী চালায় বলে অভিযোগ করে জামায়াতের নেতাকর্মীরা।

এদিকে গতকাল বুধবার বিকালে আটককৃতদের বোমাসহ কোর্টে চালান দেওয়া হয়েছে।

দর্শনা থানা পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ গতকাল বুধবার ও আগরদিন গভীর রাতে দর্শনা থানা এলাকার বেশ কয়েকটি গ্রামে অভিযান চালানোহয়। এর মধ্যে দর্শনা পৌর এলাকার দক্ষিণচাঁদপুর গ্রাম থেকে দর্শনা পৌর জামায়াতের সেক্রটারী মোঃ আমজাদ হোসেন, জামায়াত নেতা তানজিল হোসেন, তিতুদহ গ্রাম থেকে নাজমুল হক ও হাফিজুল ইসলাম, নেহালপুর গ্রাম থেকে মসজিদের ইমাম হাফেজ লোকমান হোসেন ও আরাফাত রহমান এবং বেগমপুর ইউনিয়নের জামায়াতের সভাপতি মোশারফ হোসেনকে আটক করা হয় ও তাদের কাছ থেকে ৭টি বোমা সাদৃশ্য উদ্ধার করা হয় বলে দাবী করে পুলিশ।

অপর দিকে দামুড়হুদা থানা পুলিশ দুপুরের দিকে নিজ প্রতিষ্ঠান থেকে দামুড়হুদা উপজেলা জামায়াতের সেক্রটারী মাওলানা আব্দুল গফুরকে আটক করে।